

# যুগান্তর

## পাশের হার ও জিপিএ, দুদিকেই এগিয়ে মেয়েরা

👤 যুগান্তর ডেস্ক

🕒 ১২ মে ২০২৪, ১৪:১০:৫৪ | [অনলাইন সংস্করণ](#)



এবারও মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ ও পাশের হারে মেয়েরা এগিয়ে আছে।

গত দুই বছরও তারাই এগিয়ে ছিল।

২০ লাখ ১৩ হাজার ৫১৭ শিক্ষার্থী এবার ১১টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও সমমান পরীক্ষায় বসে। দেশের ৩ হাজার ৭৯৯ কেন্দ্রে গত ১৫ ফেব্রুয়ারি থেকে পরীক্ষা শুরু হয়। ১২ মার্চ শেষ হয় লিখিত পরীক্ষা।

পরীক্ষার্থীদের মধ্যে ছাত্রী ১০ লাখ ২৪ হাজার ৮০৩ জন, ছাত্র ৯ লাখ ৮৮ হাজার ৭৯৪ জন। এদের মধ্যে ৮ লাখ ৬৫ হাজার ৬০০ জন ছাত্রী ও ৮ লাখ ৬ হাজার ৫৫৩ জন ছাত্র পাশ করেছে।

এ হিসাবে ছাত্রীদের পাশের হার ৮৪ দশমিক ৪৭ শতাংশ ছাত্রদের পাশের হার ৮১ দশমিক ৫৭ শতাংশ।

অন্যদিকে জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের মধ্যে ৯৮ হাজার ৭৭৬ জন ছাত্রী এবং ৮৩ হাজার ৩৫৩ জন ছাত্র। এবার ছাত্রদের চেয়ে ১৫ হাজার ৪২৩ জন বেশি ছাত্রী পূর্ণাঙ্গ জিপিএ পেয়েছে।

রোববার সকালে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে এবারের এসএসসি-সমমানের পরীক্ষার ফলের তথ্য তুলে দেওয়া হয়। সেখানেই তিনি ফল প্রকাশ কার্যক্রম উদ্বোধন করেন।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

